বন্যার্তদের পাশে মডার্ণ প্লাইউড, ট্রাকে করে পাঠিয়েছেন ত্রান

স্মরণকালের ভয়াবহতম বন্যায় কবলিত দেশ। ফেনী, নোয়াখালী, লক্ষ্মীপুর, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, খাগড়াছড়িসহ আশপাশের জেলাগুলো প্লাবিত হয়েছে। পানিবন্দি হয়ে আছে প্রায় অর্ধকোটি মানুষ। এই মানবিক বিপর্যয়ে বন্যাদুর্গতদের পাশে দাঁড়ানোর চেষ্টা করছেন নানান শ্রেণিপেশার মানুষ।

বানভাসিদের জন্য এগিয়ে এসেছেন কুষ্টিয়ার মডার্ণ প্লাইউড এন্ড উড প্রসেসিং লি: এর চেয়ারম্যান আকরাম হোসেন বাবু। আকরাম হোসেন বাবু বরাবরের মতো এবারও বন্যার্তদের মাঝে ত্রাণ বিতরণ কার্যক্রম চালিয়ে যাচ্ছেন। ইতোমধ্যে কুমিল্লা ও ফেনীতে দুইটি কাভার্ডভ্যান করে তার টিম ত্রাণ বিতরণ করেছে। নৌকায় করে দুর্গম এলাকায় ত্রাণ বিতরণ করেছে।

ত্রাণের মধ্যে রয়েছে, চিড়া, গুড়, বিশুদ্ধ পানি, বিস্কুট, স্যালাইন, লাইটার, মোমবাতি, খেজুরসহ প্রয়োজনীয় পণ্য।

আকরাম হোসেন বাবুর এই ত্রাণ কার্যক্রমের সমন্বয় করেন তার সহকারী সহ অন্যান্য কর্মকর্তারা।

তরিকুল ইসলাম বলেন, আকরাম হোসেন বাবু সাহেব আমাদের নির্দেশ দিয়েছেন, পুরো ত্রাণ কার্যক্রম পরিচালনার। আমরা তার নির্দেশ মতো দিনরাত পরিশ্রম করে প্যাকেটজাত পণ্য বন্যার্তদের কাছে পৌঁছে দিচ্ছি।

বলার অপেক্ষা রাখে না, আকরাম হোসেন বাবু এ প্রতিষ্ঠানের পাশাপাশি রোটারী ক্লাব অব কুষ্টিয়া এবং এপেক্স ক্লাব অব কুষ্টিয়া সব বিভিন্ন সামাজিক কর্মকান্ডের সাথে নিজেকে মেলে ধরেছেন। ব্যক্তিগত ছাড়াও প্রতিষ্ঠান এবং সংগঠনের মাধ্যমেও সহযোগিতা প্রদান করে চলেছেন। পাশাপাশি যেকোনো দুর্যোগে এবং সাধারণ মানুষের সমস্যায় সবসময়ই পাশে দাঁড়ান।

আকরাম হোসেন বাবু বলেন, যেকোনো প্রাকৃতিক বিপর্যয়কালীন সময়ে

মডার্ণ প্লাইউড এন্ড উড প্রসেসিং কোম্পানি লি: পূর্বের ন্যায় এবারও দেশের জনগনের পাশে থাকতে দৃঢ় প্রতিজ্ঞ। সাধ্যমতো সহযোগিতার হাত বাড়িয়ে দেন এবং অন্যদেরও পাশে দাঁড়ানোর আহ্বান জানান।

উল্লেখ্য, মডার্ণ প্লাইউড এন্ড উড প্রসেসিং কোম্পানি লি: এ এক হাজারের অধিক কর্মকর্তা কর্মচারী রয়েছেন।